বিচারকের বিরুদ্ধে অভিযোগ, আইনজীবী সারোয়ারকে হাই কোর্টে তলব



আইনজীবী সারোয়ার। ছবি: সংগৃহীত

পিরোজপুরের এক বিচারকের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ তুলে সংবাদ সম্মেলন করায় সুপ্রিম কোর্টের আইনজীবী সারোয়ার হোসেনকে তলব করেছেন হাই কোর্ট। আগামী ২৬ নভেম্বর তাঁকে সশরীরে হাজির হয়ে অভিযোগের বিষয়ে ব্যাখ্যা দিতে বলা হয়েছে।

একই সঙ্গে বিচারকের বিরুদ্ধে ওঠা অভিযোগ তদন্ত করে প্রমাণ পাওয়া গেলে আইন অনুযায়ী ব্যবস্থা নিতে সুপ্রিম কোর্টের রেজিস্ট্রার জেনারেলকে নির্দেশ দিয়েছেন আদালত।

রোববার বিচারপতি জে বি এম হাসান ও বিচারপতি আজিজ আহমদ ভূঞার বেঞ্চ স্বপ্রণোদিত হয়ে এ আদেশ দেন। সারোয়ার হোসেন এবং তাঁর সংবাদ সম্মেলনের খবর প্রকাশ করা গণমাধ্যমের সম্পাদকদের বিরুদ্ধে আদালত অবমাননার অভিযোগে রুলও জারি করা হয়েছে।

ডেপুটি অ্যাটর্নি জেনারেল শিহাব উদ্দিন খান জানান, বিচারকের বিরুদ্ধে অভিযোগ প্রমাণের আগেই সংবাদমাধ্যমে প্রচারের বিষয়টি আদালতের নজরে এসেছে। এ কারণে আইনজীবী ও সংশ্লিষ্ট সম্পাদকদের কাছে ব্যাখ্যা চাওয়া হয়েছে।

এ ছাড়া সামাজিক যোগাযোগমাধ্যমসহ অনলাইন থেকে সারোয়ারের সংবাদ সম্মেলনের ভিডিও সরাতে বিটিআরসিকে নির্দেশ দিয়েছেন আদালত। একই সঙ্গে ‘লইয়ার্স ক্লাব বাংলাদেশ’ পোর্টালকে ওই ভিডিও আদালতে জমা দিতে বলা হয়েছে।

আদেশের বিষয়ে সারোয়ার হোসেন বলেন, নোটিশ পাওয়ার পর তিনি জবাব দেবেন।

গত বুধবার সুপ্রিম কোর্টের এনেক্স ভবনের সামনে সংবাদ সম্মেলনে পিরোজপুরের যুগ্ম জেলা জজ নাহিদ রুমানা মিতুর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ তোলেন সারোয়ার। এ বিষয়ে দুর্নীতি দমন কমিশনে অনুসন্ধানের আবেদন করেছেন বলেও জানান তিনি।